

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

আষাঢ় ০৩, ১৪২৮  
তারিখ :-----  
জুন ১৭, ২০২১

এফই সার্কুলার পত্র নম্বর ১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত  
ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিমিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**বৈচিত্রকৃত পাটপণ্য রঞ্জানিতে রঞ্জানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ১১, তারিখ নভেম্বর ১৬, ১৯৯৮ এবং এফই সার্কুলার নং নম্বর ১২, তারিখ  
এপ্রিল ০৭, ২০১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এফই সার্কুলার নম্বর ১১/১৯৯৮ এর নির্দেশনা অনুসারে সরকারি ও বেসরকারি খাতের পাটকলগুলোর ক্ষেত্রে  
সংশ্লিষ্ট রঞ্জানির বিপরীতে প্রযোজ্য শর্তাবলী পরিপালন সাপেক্ষে ভর্তুকি সুবিধা প্রযোজ্য। অপরদিকে এফই সার্কুলার নম্বর  
১২/২০১৬ অনুসারে পাটজাত চূড়ান্ত দ্রব্য ও পাট সুতা ব্যতীত অন্যান্য পাটজাত রঞ্জানি পণ্যে ৫০% এর বেশি মূল্যমানের পাট  
ব্যবহৃত হলে তা বৈচিত্রকৃত পাটপণ্য হিসেবে বিবেচিত। এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং  
ও সিবিসি) ও পাট সুতা (ইয়ার্ন ও টোয়াইন) ব্যতীত অন্যান্য পাটজাত পণ্যে ৫০% এর বেশি মূল্যমানের পাট ব্যবহৃত হলে  
পণ্যটি হাতে বা মেশিনে যে মাধ্যমেই তৈরি হোক না কেন তা বৈচিত্রকৃত পাটপণ্য হিসেবে নির্ধারিত হারে রঞ্জানি ভর্তুকি প্রাপ্য  
হবে। সকল ক্ষেত্রে ভর্তুকির আবেদনকারী প্রতিষ্ঠানের পাট আইন, ২০১৭ এর অধীন হালনাগাদ লাইসেন্স থাকতে হবে।

পাটপণ্য রঞ্জানির বিপরীতে রঞ্জানি ভর্তুকির ক্ষেত্রে প্রযোজ্য অপরাপর সার্কুলারের নির্দেশনা যথারীতি অপরিবর্তিত  
থাকবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শহিদুল ইসলাম)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)  
ফোন : ৯৫৩০১২৩